গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা
www.doict.gov.bd

অক্টোবর/২০২৪ মাসে অনুষ্ঠিত জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সাথে মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	মোহাম্মদ আনোয়ার উদ্দিন মহাপরিচালক
সভার তারিখ	২৯/১০/২০২৪ খ্রি.
সভার সময়	দুপুর ০২:৩০ ঘটিকা
স্থান	অনলাইন প্লাটফর্ম (জুম)
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রত্যেককে সঠিক সময়ে অফিসে উপস্থিত হওয়ার নির্দেশনা প্রদান করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মুঃ খায়রুজ্জামান, পরিচালক (অর্থ ও প্রশাসন) বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে তিনি আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	**আইসিটিডি ডিজিটাল ল্যাব এবং আইসিটিডি স্কুল অব ফিউচার পরিদর্শন সংক্রান্তঃ** পরিচালক (অর্থ ও প্রশাসন) জানান, সেপ্টেম্বর/২৪ মাসে জেলা এবং উপজেলা কার্যালয় থেকে প্রাপ্ত আইসিটিডি ডিজিটাল ল্যাব এবং আইসিটিডি স্কুল অব ফিউচার পরিদর্শন পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী বিভাগ ভিত্তিক পরিদর্শন সংখ্যা নিম্নরূপ: (সারণি নিচে) পরিচালক (অর্থ ও প্রশাসন) আরও জানান, বিবেচ্য মাসে জেলা এবং উপজেলা কার্যালয় হতে পরিদর্শন সংখ্যা নির্ধারিত প্রমাপ এবং বিগত মাসগুলোর তুলনায় কম। প্রমাপ অনুযায়ী আইসিটিডি ডিজিটাল ল্যাব এবং আইসিটিডি স্কুল অব ফিউচার পরিদর্শনের প্রতি গুরুত্ব আরোপ করেন এবং পরিদর্শন প্রতিবেদন আবশ্যিকভাবে 'স্মার্ট অফিস ব্যবস্থাপনা' সিস্টেমে দাখিলের বিষয়ে সভায় আলোচনা হয়।	প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে জেলা এবং উপজেলা কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন 'স্মার্ট অফিস ব্যবস্থাপনা' সফটওয়্যার (www.soms.gov.bd) এর 'পরিদর্শন ব্যবস্থাপনা' মডিউল-এ দাখিল করতে হবে।	১। প্রোগ্রামার (সকল জেলা) ২। সহকারী প্রোগ্রামার (সকল উপজেলা) ৩। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (সকল জেলা)

সেপ্টেম্বর-২০২৪ এর পরিদর্শন রিপোর্ট

বিভাগ	মোট পরিদর্শন		মোট (বিভাগ ভিত্তিক)
	জেলা কার্যালয়	উপজেলা কার্যালয়	
খুলনা	১৩	৯৬	১০৯
চট্টগ্রাম	১৫	৪৭	৬২
ঢাকা	১০	২৪	৩৪
বরিশাল	৭	২৬	৩৩
ময়মনসিংহ	৩	১৮	২১
রংপুর	৬	৩০	৩৬
রাজশাহী	৫	৪১	৪৬
সিলেট	৫	৬	১১
মোট	৬৪	২৮৮	৩৫২

২	**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন সংক্রান্তঃ** পরিচালক (অর্থ ও প্রশাসন) জানান, জেলা ৬৪টি কার্যালয় হতে২০২৩-২৪ অর্থবছরের চূড়ান্ত প্রমাণক APAMS সিস্টেমে আপলোড করা হয়েছে। তবে মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন হয়নি। তিনি আরও জানান, ২০২৪-২৫ অর্থবছরের APA বাস্তবায়নের ১ম ত্রৈমাসিক প্রতিবেদন APAMS সিস্টেমে দাখিলের নির্ধারিত সময় ১৫/১০/২৪ খ্রি.। তবে APAMS সিস্টেমের কারিগরি ত্রুটির কারণে নির্ধারিত সময়ে প্রমাণক আপলোড করা সম্ভব হয়নি। প্রোগ্রামারগণকে APA চুক্তিতে নির্ধারিত কার্যক্রম যথাসময়ে বাস্তবায়নের অনুরোধ জানান। পাশাপাশি ২০২৩-২৪ অর্থবছরের APA বাস্তবায়নের মূল্যায়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা হয়।	১। আগামী ০১ সপ্তাহের মধ্যে ২০২৩-২৪ অর্থবছরের APA বাস্তবায়নের মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীদের পুরস্কৃত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২। ২০২৪-২৫ অর্থবছরের APA বাস্তবায়নের ১ম ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুত রাখতে হবে, নির্দেশনা প্রাপ্তি সাপেক্ষে প্রমাণক APAMS সিস্টেমে দাখিল করতে হবে।	১। উপপরিচালক (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট, এপিএ টিম ২। প্রোগ্রামার (সকল জেলা)
৩	**জেলা কার্যালয়ের অধীনস্থ উপজেলার সাথে মাসিক সমন্বয় সভা আয়োজনঃ** পরিচালক (অর্থ ও প্রশাসন) বলেন, জেলা কার্যালয় চুয়াডাঙ্গা ব্যতীত সকল জেলা কার্যালয় থেকে থেকে সেপ্টেম্বর/২৪ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী SOMS এর মাধ্যমে প্রেরণ করা হয়েছে। সভাপতি প্রোগ্রামারগণকে আওতাধীন উপজেলা কার্যালয়ের সাথে সমন্বয় সভার সুপারিশ বাস্তবায়ন এবং এ বিষয়ে প্রধান কার্যালয়কে অবহিত করার নির্দেশনা প্রদান করেন এবং প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে বিগত মাসের সমন্বয় সভার কার্যবিবরণী এবং বাস্তবায়ন অগ্রগতি SOMS এ দাখিলের প্রতি গুরুত্ব আরোপ করেন।	নিয়মিত অধীনস্থ উপজেলাসমূহের সাথে সমন্বয় সভা করে বাস্তবায়ন অগ্রগতিসহ কার্যবিবরণী ০৫ তারিখের মধ্যে 'স্মার্ট অফিস ব্যবস্থাপনা' সফটওয়্যার-এর মাধ্যমে প্রেরণ করতে হবে।	

<table>
<tr><td>৪</td><td>জেলা এবং উপজেলা আইসিটি কমিটির সভা সম্পর্কিতঃ
পরিচালক (অর্থ ও প্রশাসন) জানান, জেলা কার্যালয় নওগাঁ, নীলফামারি, নোয়াখালী এবং ব্রাহ্মণবাড়িয়া ব্যতীত সকল জেলা কার্যালয় থেকে সেপ্টেম্বর/২৪ মাসে অনুষ্ঠিত আইসিটি কমিটির সভার কার্যবিবরণী SOMS এর মাধ্যমে পাওয়া গিয়েছে।
জেলা কার্যালয় শরীয়তপুর এবং রাজবাড়ী থেকে সেপ্টেম্বর/২৪ মাসের আইসিটি কমিটির সভা অনুষ্ঠিত না হওয়ায় শূন্য প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।
পরিচালক (অর্থ ও প্রশাসন) আরও জানান, ৬৯টি উপজেলা কার্যালয় থেকে সেপ্টেম্বর/২৪ মাসে অনুষ্ঠিত আইসিটি কমিটির সভার কার্যবিবরণী SOMS এর মাধ্যমে পাওয়া গিয়েছে।
সভাপতি প্রোগ্রামারগণকে আওতাধীন উপজেলা কার্যালয়ে নিয়মিত আইসিটি কমিটির সভা আয়োজনের বিষয়ে তদারকি করার নির্দেশনা প্রদান করেন এবং প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে জেলা এবং আওতাধীন উপজেলা কার্যালয়ের আইসিটি কমিটির সভার কার্যবিবরণী এবং বাস্তবায়ন অগ্রগতি SOMS এ দাখিলের অনুরোধ জানান।</td><td>জেলা এবং উপজেলা আইসিটি কমিটির সভা আয়োজন করতঃ ০৫ তারিখের মধ্যে বিগত মাসের কার্যবিবরণী ‘স্মার্ট অফিস ব্যবস্থাপনা’ সফটওয়্যার-এর মাধ্যমে প্রেরণ করতে হবে।</td><td>১। প্রোগ্রামার (সকল জেলা)

২। সহকারী প্রোগ্রামার (সকল উপজেলা)</td></tr>
<tr><td>৫</td><td>জেলা এবং উপজেলা পর্যায়ে Web Portal নিয়মিত হালনাগাদকরণঃ
পরিচালক (অর্থ ও প্রশাসন) জানান, জেলা কার্যালয় মেহেরপুর ব্যতীত সকল জেলা কার্যালয় এবং ৮৮টি উপজেলা কার্যালয় থেকে সেপ্টেম্বর/২৪ মাসের আইসিটি কমিটির সভার কার্যবিবরণী SOMS এর মাধ্যমে পাওয়া গিয়েছে।
সভাপতি প্রোগ্রামারগণকে স্ব-স্ব অধিক্ষেত্রের মধ্যে সকল ওয়েব পোর্টাল হালনাগাদ রাখা এবং প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে হালনাগাদ পরিবেদন SOMS এ দাখিলের অনুরোধ জানান।</td><td>জেলা এবং উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তা Web Portal সমূহ নিয়মিত হালনাগাদ নিশ্চিত করবেন এবং ‘স্মার্ট অফিস ব্যবস্থাপনা’ সফটওয়্যার-এ প্রতিবেদন দাখিল করবেন।</td><td>১। প্রোগ্রামার (সকল জেলা)

২। সহকারী প্রোগ্রামার (সকল উপজেলা)</td></tr>
<tr><td>৬</td><td>জেলা এবং উপজেলা পর্যায়ে উন্নয়ন সমন্বয় কমিটি এবং আইন-শৃঙ্খলা কমিটিতে আইসিটি অধিদপ্তরের জেলা ও উপজেলা কার্যালয় অন্তর্ভুক্তকরণঃ
পরিচালক (অর্থ ও প্রশাসন) জানান,
জেলা এবং উপজেলা পর্যায়ে উন্নয়ন সমন্বয় কমিটিতে আইসিটি অধিদপ্তরের জেলা ও উপজেলা কার্যালয় অন্তর্ভুক্তকরণঃ গত ২৫/০৩/২০২৪ তারিখে আইসিটি বিভাগ হতে মন্ত্রিপরিষদ বিভাগে এ সংক্রান্ত পত্র প্রেরণ করা হয়েছে।
জেলা এবং উপজেলা পর্যায়ে আইন-শৃঙ্খলা কমিটিতে আইসিটি অধিদপ্তরের জেলা ও উপজেলা কার্যালয় অন্তর্ভুক্তকরণঃ আইসিটি অধিদপ্তর হতে ৩১/০৩/২৪ আইসিটি বিভাগে এ সংক্রান্ত পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে ২৮/১০/২৪ তারিখে এ বিষয়ে আইসিটি বিভাগে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে।</td><td>সংশ্লিষ্ট মন্ত্রনালয়/দপ্তরে যোগাযোগ দ্রুত বিষয়টি সমাধানের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</td><td>উপপরিচালক (প্রশাসন)</td></tr>
<tr><td>৭</td><td>উদ্ভাবনী উদ্যোগ ও বাস্তবায়ন অগ্রগতিঃ
পরিচালক (অর্থ ও প্রশাসন) জানান, আইসিটি অধিদপ্তরের ২০২৩-২৪ অর্থবছরে মাঠ পর্যায়ের বিভিন্ন সেবা/সমস্যা উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে ডিজিটাইজেশন/সহজীকরণ সম্পর্কিত চূড়ান্তভাবে বাছাইকৃত ০৩টি উদ্যোগের পাইলটিং কার্যক্রম ৩০/০৬/২৪ তারিখে সম্পন্ন হয়েছে। পরবর্তীতে ৩১/১০/২০২৪ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টীমের সভায় উদ্যোগ ০৩টির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়েছে।<table><tr><th>ক্রম</th><th>কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল</th><th>উদ্যোগের শিরোনাম</th></tr><tr><td>১</td><td>জনাব মোঃ সাব্বির হাসান মুরাদ, সহকারী পরিচালক, অর্থ শাখা</td><td>বাজেট বরাদ্দ মনিটরিং, বিশ্লেষণ এবং বিতরণ সিস্টেম</td></tr><tr><td>২</td><td>জনাব মোঃ আতিকুর রহমান তালুকদার, সহকারী প্রোগ্রামার</td><td>আইসিটি ল্যাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র- ছাত্রীদের জন্য অনলাইনে কম্পিউটার প্রোগ্রামিং প্রতিযোগিতার ব্যবস্থা</td></tr><tr><td>৩</td><td>জনাব হুসাইন মুহাম্মদ রিদওয়ান, সহকারী প্রোগ্রামার</td><td>সিটিজেন সেন্ট্রিক সাইবার নিরাপত্তা বিষয়ক অবহিতকরণ ও আস্থা প্রদান</td></tr></table>সভাপতি উদ্যোগ ০৩টির বাস্তবায়িত কার্যক্রম মূল্যায়নের উদ্যোগ গ্রহণের নির্দেশনা প্রদান করেন।</td><td>উদ্যোগ ০৩টির বাস্তবায়িত কার্যক্রম মূল্যায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।</td><td>১। উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ও সদস্য সচিব, ইনোভেশন টীম।

২। বাছাইকৃত ০৩টি উদ্যোগের সাথে সংশ্লিস্ট কর্মকর্তাগণ।</td></tr>
</table>

<table>
<tr>
<td>৮</td>
<td>বাজেট বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:
পরিচালক (অর্থ ও প্রশাসন) জানান, ২৯/০৯/২৪ তারিখে জেলা এবং উপজেলা কার্যালয়সমূহের ২০২৪-২৫ অর্থবছরের বাজেট প্রেরণ করা হয়েছে। বাজেট বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপঃ
<table>
<tr><th>ক্রম</th><th>কার্যালয়</th><th>বরাদ্দ</th><th>প্রকৃত ব্যয়</th><th>অবশিষ্ট</th><th>ব্যায়ের হার</th></tr>
<tr><td>১</td><td>জেলা</td><td>১৪,৭৯,০০,০০০</td><td>৩,৮৭,৪২,৯০০</td><td>১০,৮৭,৫৭,০০০</td><td>২৬.২%</td></tr>
<tr><td>২</td><td>উপজেলা</td><td>৪৫,০৪,০০,০০০</td><td>১০,২৮,৩৬,২০০</td><td>৩৪.৪০,৬৩,৭০০</td><td>২২.৮%</td></tr>
</table>
জেলা এবং উপজেলা কার্যালয়ের জন্য TA/DA খাতে বরাদ্ধকৃত অর্থ প্রয়োজনের তুলনায় অপ্রতুল উল্লেখ করে উপস্থিত সদস্যগণ এ খাতে বাজেট বৃদ্ধির ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতির প্রতি অনুরোধ জানান। সভায় জেলা এবং উপজেলা কার্যালয়ের জন্য TA/DA খাতে বরাদ্দ বৃদ্ধি এবং পার্বত্য ০৩টি জেলার যোগাযোগব্যবস্থা ও যাতায়াতের খরচ বিবেচনায় TA/DA খাতে বিশেষ বরাদ্দ প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়।</td>
<td>১। বাজেট বাস্তবায়নঃ
ক। প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণ পূর্বক অর্থ ব্যয় করতে হবে এবং এ সংক্রান্ত সকল ব্যয়-বিল সংরক্ষণ করতে হবে।
খ। সকল হিসাব সংশ্লিষ্ট অর্থবছরের মধ্যে সম্পন্ন করতে হবে।
গ। বরাদ্ধকৃত বাজেটের যথাযথ ব্যয় নিশ্চিত এবং বাজেটে বিভিন্ন কোডের বিপরীতে বরাদ্ধকৃত অর্থের মধ্যে প্রকৃত ব্যয় সীমাবদ্ধ রাখতে হবে।

২। সংশোধিত বাজেটে জেলা এবং উপজেলা কার্যালয়ের জন্য TA/DA খাতে বরাদ্ধ বৃদ্ধির প্রস্তাব করতে হবে এবং পার্বত্য ০৩টি জেলার TA/DA খাতে বিশেষ বরাদ্দ প্রদানের ব্যবস্থা করতে হবে।</td>
<td>১। প্রোগ্রামার (সকল জেলা)

২। সহকারী প্রোগ্রামার (সকল উপজেলা)</td>
</tr>
<tr>
<td>৯</td>
<td>স্মার্ট অফিস ব্যবস্থাপনা (SOMS) বিষয়কঃ
বিগত সভার সিদ্ধান্তের আলোকে SOMS বিষয়ে ০২টি ব্যাচে মোট ৪০ জন কর্মকর্তা-কর্মচারীদের ০২ দিনব্যাপী প্রশিক্ষণ চলমান রয়েছে। প্রথম ব্যাচের প্রশিক্ষণ গত ২০-২১ নভেম্বর সম্পন্ন হয়েছে। SOMS ব্যবস্থাপনার নিমিত্ত অত্র অধিদপ্তরের গত ১১/১১/২৪ তারিখের ৫৬.০০.০০০০.০০৮.০৬.০৮৮.১৭.৯১৬ নম্বর স্মারকে কমিটি গঠিত হয়েছে।</td>
<td>গঠিত কমিটি SOMS এর উন্নয়ন, সুষ্ঠু ব্যবস্থাপনা এবং ব্যবহার নিশ্চিতকল্পে কর্মপরিধি অনুযায়ী যথাযথ উদ্যোগ গ্রহণ করবে এবং প্রতিমাসে মহাপরিচালক মহোদয় বরাবর প্রতিবেদন দাখিল করবে।</td>
<td>আহ্বায়ক, গঠিত কমিটি।</td>
</tr>
<tr>
<td>১০</td>
<td>জেলা কার্যালয়ের সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারদের জন্য মোটরবাইক টিওএন্ডই ভূক্তকরণঃ
জনাব আতিকুর রহমান, প্রোগ্রামার (দায়িত্বে), জেলা কার্যালয় রাঙ্গামাটি বলেন, অধিদপ্তরের জেলা কার্যালয়সমূহে সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারগণ কর্মরত। চলমান বিভিন্ন প্রকল্পের কার্যক্রম পরিদর্শণ, আইসিটিডি ডিজিটাল ল্যাব এবং স্কুল অব ফিউচার পরিদর্শণ ও অন্যান্য দাপ্তরিক প্রয়োজনে বিভিন্ন স্থানে প্রতিনিয়ত গমন করে থাকেন। উল্লিখিত দাপ্তরিক কার্যাবলী সুচারুভাবে সম্পন্ন করার নিমিত্ত জেলা কার্যালয়ের সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারদের জন্য মোটরবাইক প্রদানের জন্য সভাপতির প্রতি অনুরোধ করেন।</td>
<td>জেলা কার্যালয়ের সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারদের জন্য মোটরবাইক টিওএন্ডই ভূক্তকরণের উদ্যোগ গ্রহণ করতে হবে।</td>
<td>উপপরিচালক (প্রশাসন)</td>
</tr>
<tr>
<td>১১</td>
<td>নথিপত্র/সরঞ্জামাদি বুঝিয়ে দেওয়া প্রসঙ্গেঃ
পরিচালক (অর্থ ও প্রশাসন) জানান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের গত ০১/০৭/২০২৪ খ্রি. তারিখে ৫৬.০৪.০০০০.০০৮.১৫.০৫০.১৭-৩৫৬, ৩৫৭, ৩৫৮, ৩৫৯, এবং ৩৬১ নং স্মারকমূলে প্রধান কার্যালয়ে সংযুক্ত ৪০ জন কর্মকর্তার সংযুক্তি বাতিল করা হয় এবং গত অত্র অধিদপ্তরের ১৭/১১/২০২৪ তারিখের ৫৬.০৪.০০০০.০০৮.৩২.০০২.২১.৯২৫ নম্বর স্মারকে তাদের আওতাধীন নথিপত্র সর্বশেষ কর্মবন্টন অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের নিকট এবং ব্যবহৃত অফিস সরঞ্জামাদি স্টোরে বুঝিয়ে দিয়ে সংশ্লিষ্ট শাখা প্রধানকে ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে অবহিত করার জন্য তাগিদপত্র প্রেরণ করা হয়।</td>
<td>প্রোগ্রামারগণ অধীনস্থ বদলি/সংযুক্তি বাতিলকৃত কর্মকর্তাগণকে তাদের আওতাধীন নথিপত্র/অফিস সরঞ্জামাদি পরবর্তী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নিকট বুঝিয়ে দেওয়ার বিষয়ে নির্দেশনা প্রদান করবেন।</td>
<td>১। প্রোগ্রামার (সকল জেলা)

২। সহকারী প্রোগ্রামার (সকল উপজেলা)</td>
</tr>
</table>

১২	**ডি-নথিতে প্রাপক নির্ধারণ:** ডি-নথির মাধ্যমে অধিদপ্তরের জেলা/উপজেলা পর্যায়ে সকল দপ্তরে প্রেরিত পত্র কোন কোন কর্মকর্তার নিকট পৌঁছায় না মর্মে উপস্থিত কর্মকর্তাদের বক্তব্য হতে জানা যায়। প্রধান কার্যালয় থেকে প্রেরিত পত্র সকল কর্মকর্তার নিকট প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা হয়।	ডি-নথির মাধ্যমে প্রধান কার্যালয় থেকে প্রেরিত পত্র সকল কর্মকর্তার নিকট প্রেরণ নিশ্চিত করতে হবে।	১। উপপরিচালক (প্রশাসন) ২। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, প্রশাসন শাখা।

সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে তাদের দায়িত্ব যথাযথভাবে সঠিক সময়ে পালন/বাস্তবায়ন করতঃ আগামী মাসের মাসিক সমন্বয় সভার পূর্বেই বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রদানের অনুরোধ জানান। বিশেষ করে নির্ধারিত প্রতিবেদনসমূহ যথাসময়ে প্রেরণের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭-১১-২০২৪

মোহাম্মদ আনোয়ার উদ্দিন
মহাপরিচালক
+৮৮ ০২-৪১০২৪০৭২ (ফোন)
+৮৮ ০২-৫৫০০৬৮৮২ (ফ্যাক্স)
dg@doict.gov.bd

নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.০৬.০০১.২৩.৯৭৪

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২৭ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
২। প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), প্রকল্প পরিচালকের দপ্তর, শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)।
৩। সিস্টেম ম্যানেজার, সিস্টেম্স ম্যানেজার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৪। পরিচালক, অর্থ ও প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৫। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), অর্থ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৬। উপ-পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৭। আইসিটি অধিদপ্তরের প্রধান কার্যালয়ে কর্মরত সকল কর্মকর্তা।
৮। প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৯। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম ও প্রশিক্ষণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
১০। সহকারী প্রোগ্রামার (সকল), উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
১১। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
১২। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৭-১১-২০২৪

তাপসী রাবেয়া
উপ-পরিচালক

Digitally signed by Tapashi Rabeya
Date: 2024.11.27 08:32:50 UTC
Reason: D-Nothi : Signed by E-Sign
Location: Dhaka